সংবাদ

তারিখ ... 22 JAN 2003 ...
পৃষ্ঠা ...১... কলাম ...৮...

ফলোআপ : রেসিডেনসিয়াল মডেল কলেজ

# ছাত্রদের বেতন ২৫ শতাংশ বাড়ছে

নিজস্ব বার্তা পরিবেশক : কর্তৃপক্ষ ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজের ছাত্রদের বেতন ২৫ শতাংশ বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছেন। ইতোপূর্বে দু'বছরে ছাত্রবেতন দ্বিগুণ করার সিদ্ধান্ত নিয়েছিলেন কলেজ কর্তৃপক্ষ এবং অভিভাবকদের তা জানিয়েও দিয়েছিলেন। 'সংবাদ'-এ গত ২৮শে ডিসেম্বর 'ছাত্রবেতন দু'বছরে দ্বিগুণ হচ্ছে অভিভাবকদের প্রতিবাদ সভা' এবং ৭ই জানুয়ারি 'ছাত্র বেতন দ্বিগুণ করার সিদ্ধান্ত প্রত্যাহারের দাবি' শিরোনামে দু'টি খবর

বেতন : পৃ: ২ ক: ৩

( ১ম পৃষ্ঠার পর )

প্রকাশিত হয়।

কলেজ কর্তৃপক্ষ এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন, প্রতিষ্ঠানটি সরকারি নয়। এটি একটি স্বায়ত্তশাসিত শিক্ষা প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটির নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ সরকারের শিক্ষা মন্ত্রণালয়। সরকার এখানে শিক্ষার অনুকূল পরিবেশ ও অবকাঠামো তৈরি করে দিয়েছে। বছরে নিয়মিতভাবে ১ কোটি টাকার বেশি ভর্তুকিও দিয়ে যাচ্ছে। ছাত্রবেতন ও সরকারের ভর্তুকি দিয়ে প্রতিষ্ঠানটির সামগ্রিক ব্যয় পরিচালনা করা হয়। অভিভাবকদের আবেদন-বিবেচনায় নিয়ে কর্তৃপক্ষ সাকল্যে ২৫ শতাংশ বেতন বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছেন বলে ওই বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে।

অথচ কলেজের অধ্যক্ষ দু'বছরে ছাত্রবেতন দ্বিগুণ করার সিদ্ধান্তকে যুক্তিসঙ্গত আখ্যা দেয়ার লক্ষ্যে অভিভাবকদের চিঠি দিয়ে জানান, কলেজটি কোনরকম ভর্তুকি পায় না। ছাত্রদের বেতন থেকে কলেজের যাবতীয় ব্যয় নির্বাহ করা হয়।

কলেজের অধ্যক্ষের এ সিদ্ধান্তের প্রতিবাদ জানানোর জন্য অভিভাবকরা ঐক্যবদ্ধ হয়ে সমিতি গঠন করেন এবং বৈঠকে মিলিত হন। তারা প্রতিবাদ জানান বেতন বাড়ানোর ওই সিদ্ধান্তের বিরুদ্ধে। তা প্রত্যাহার করার দাবি জানান। তারা শিক্ষা মন্ত্রণালয়ে স্মারকলিপি দেন ওই সিদ্ধান্ত প্রত্যাহার করার অনুরোধ জানিয়ে। এ ব্যাপারে 'সংবাদ'-এ ২৮শে ডিসেম্বর ও ৭ই জানুয়ারি দু'টি খবর প্রকাশিত হয়।